বিএসএসএফ সিলেট জেলা শাখার মহান বিজয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক::
বাংলাদেশ শহীদ স্মৃতি ফাউন্ডেশন (বিএসএসএফ) সিলেট জেলা শাখার উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

শনিবার (২৬ ডিসেম্বর) শহরতলীর মেজরটিলাস্থ সিদ্দিকী প্লাজার ৪র্থ তলায় এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা পরিচালনা করেন সাংগঠনিক সম্পাদক লুৎফুর রহমান তারেক। পবিত্র কোরআন তেলাওয়াত করেন সংগঠনের সহ-সাংগঠনিক সম্পাদক মোঃ নাইম উদ্দিন।

উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন- বিএসএসএফ’র সিলেট জেলা শাখার সভাপতি মোঃ জসিম উদ্দিন, সিনিয়র সহ-সভাপতি মুরাদুল হাসান চৌধুরী, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান, ত্রাণ বিষয়ক সম্পাদক রিয়াদুল হাসান মিনহাজ এবং সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ বা বাংলাদেশের মুক্তিযুদ্ধ বা সংক্ষেপে মুক্তিযুদ্ধ ছিল ১৯৭১ সালে সংঘটিত তৎকালীন পশ্চিম পাকিস্তানের বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের সশস্ত্র সংগ্রাম, যার মাধ্যমে বাংলাদেশ একটি স্বাধীন দেশ হিসাবে পৃথিবীর মানচিত্রে আত্মপ্রকাশ করে। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতের অন্ধকারে পাকিস্তানি সামরিক বাহিনী পূর্ব পাকিস্তানে বাঙালি নিধনে ঝাঁপিয়ে পড়লে একটি জনযুদ্ধের আদলে গেরিলাযুদ্ধ তথা স্বাধীনতা যুদ্ধের সূচনা ঘটে। গেরিলা পদ্ধতিতে যুদ্ধ চালিয়ে গেরিলা বাহিনী সারাদেশে পাকিস্তানি হানাদার বাহিনীকে ব্যতিব্যস করে তোলে।

মুক্তিবাহিনী সামরিক বাহিনীর সম্মিলিত আক্রমণের মুখে ইতোমধ্যে পর্যুদস্ত ও হতোদ্যম পাকিস্তানি সামরিক বাহিনী যুদ্ধ বিরতির সিদ্ধান্ত গ্রহণ করে। ১৬ ডিসেম্বর ঢাকার রেসকোর্স ময়দানে পাকিস্তান ৯৩ হাজার সৈন্যসহ আকস্মিকভাবে যুদ্ধবিরতির পরিবর্তে আত্মসমর্পণের দলিলে সই করে।

এরপর থেকে যখন যে দল ক্ষমতায় এসেছে এবং সামরিক শাসকরা নানাভাবে বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসকে নিজেদের মতো করে তুলে ধরার চেষ্টা করেছেন।

নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধের বিনিময়ে অর্জিত আমাদের স্বাধীনতা। লাখো শহীদের প্রাণের বিনিময়ে পাওয়া এক স্বাধীন দেশ। সেই স্বাধীনতায় কার অবদান কী ছিল তা নিয়ে আজও অহেতুক বিতর্ক চালিয়ে যাওয়া লজ্জাজনক ও কলঙ্কের। স্বাধীনতা ও মহান মুক্তিযোদ্ধে শহীদদের কলঙ্কিত হতে দেবেনা বাংলাদেশ শহীদ স্মৃতি ফাউন্ডেশন (বিএসএসএফ)।